MAR 06 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

১২ জেলার ৯০০ অভিভাবকের বিবৃতি

# এসএসসি পরীক্ষা চলাকালে হরতালসহ রাজনৈতিক কর্মসূচি না দেওয়ার আহ্বান

এসএসসি পরীক্ষা চলাকালে হরতালসহ যেকোনো ধরনের সহিংস রাজনৈতিক কর্মসূচি না দেওয়ার জন্য দেশের ১২টি জেলার ৮৫৯ জন অভিভাবক প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী এবং রাজনৈতিক দলগুলোর দায়িত্বশীল ব্যক্তিবর্গ ও সাংসদদের কাছে আবেদন জানিয়েছেন।

গতকাল সোমবার অভিভাবকদের পক্ষে ঢাকার শেখ সাহেব বাজার রোডের শামসুল হুদা প্রেরিত এক বিবৃতিতে এ আহ্বান জানানো হয়েছে। বিবৃতিতে অভিভাবকরা বলেন, দেশের প্রধান ও দায়িত্বশীল দলগুলোর মধ্যে মতভেদ ও মতানৈক্য প্রায়শই সংঘাত ও রাজনৈতিক হানাহানিতে রূপ নিচ্ছে। এ অবস্থায় অভিভাবকরা তাদের সন্তানদের ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, আমরা চাই আমাদের সন্তানরা যেন নির্বিঘ্নে ও নিরাপদে পরীক্ষা দিতে পারে। বিজ্ঞপ্তি।